

## স্বগতোক্তি

অরুন্ধতী সেনগুপ্ত

১. খুব নীচু স্বরে কথা বলি  
তাই পৌঁছয় না কোন ঈশ্বরের কাছে  
ঈশ্বর কেন এত দূরে!  
সে কি পারে না খুব কাছে এসে মৃদু স্বরে  
কথা বলে যেতে।
২. সকলেরই প্রত্যাশা থাকে  
প্রত্যাশা পূরণ সে এক অন্য গল্প  
আঁধারে আলো খুঁজে খুঁজে  
আকাশের তারা হয়ে ওঠা।
৩. সভা সমিতিতে গেলে  
বড় একা লাগে - কোন এক দূরের পথিক  
তবু যাই - নীরব নিভৃত আলোকে  
পড়ে নিই আঁধার অক্ষর।

## অগ্রগমন

বিশ্বনাথ ঘোষ

মাঝ গাঙ থেকে ভেসে ভেসে আসে ভাটিয়ালি গান  
নৌকো বিহীন মাঝি তুমি রৌদ্র কিরণ চেয়েছিলে ভরস্তু বেলায়;  
ছিলো না যদিও মন পবনে জ্যোৎস্না অহংকার, ঘরদুয়ারে  
ছিলো না হাতছানি গাঢ় সুসময়ের।

তবু বড়ো বেশী চুপচাপ তুমি করো খননের কাজ  
বৃষ্টি ঝরে, বৃষ্টিতে উড়ে যায় শূণ্যতা অজানা সাঁকোয় কুয়াশার দিকে।